জমিতে পাডার নাম উল্লেখ করে সিমেন্টের খুঁটি পুঁতে লোহার সাইনববোর্ড লাগিয়ে দেয়। বুধবার রাতে মেডিকেল অফিসার ডাঃ ঋত্বিক দাস ও রোগী কল্যাণ সমিতির চেয়ারম্যান প্রসেনজিৎ দত্তের নজরে পড়ে ওই সাইনবোর্ড। তাঁরা রাতেই স্থানীয় প্রশাসন ও রাজনৈতিক দলের প্রতিনিধিদের বিষয়টি জানান। এজন্য বহম্পতিবার সকালে স্বাস্থ্যকেন্দ্র চত্বরে পূর্ব কাঁঠালবাড়ি গ্রাম পঞ্চায়েত প্রধান সরোদিনি বর্মন, তৃণমূল কংগ্রেসের অঞ্চল সভাপতি নিরঞ্জন রায়, এসইউসিআই(সি)-র স্থানীয় নেতা তরণি রায়, বিজেপির অঞ্চল প্রমুখ সুরেন সরকার প্রমুখরা উপস্থিত হন। এ নিয়ে তখন উত্তেজনাও ছড়ায়। স্থানীয় রোগী কল্যাণ সমিতির চেয়ারম্যান প্রসেনজিৎ দত্তের অভিযোগ, স্বাস্থ্যকেন্দ্রের জমি দখলের জন্য উদ্দেশ্যপ্রণোদিতভাবে ওই সাইনবোর্ড লাগানো হয়। তিনি বলেন, 'এই স্বাস্থ্যকেন্দ্রের জমি সংক্রান্ত আরও কিছু পুরোনো জটিলতা রয়েছে। এই পুরো বিষয়ে পদক্ষেপ করার জন্য

শুক্রবার সর্বদলীয় বৈঠকের ডাক দেওয়া হয়েছে।' মেডিকেল অফিসার ডাঃ ঋত্বিক দাস বলেন, 'স্বাস্থ্যকেন্দ্রের জমিতে সাইনবোর্ড লাগানোর বিষয়টি আমার নজরে আসে। তাই সবাইকে বিষয়টি জানিয়েছি।' তবে স্থানীয়রা স্বাস্থ্যকেন্দ্রের জমি দখলের চেষ্টার অভিযোগ অস্বীকার করেছেন। স্থানীয় দুলাল নন্দী বলেন, 'সম্প্রতি এই পাড়ার ১৬ জন বাসিন্দা জমির পাট্রা পেয়েছেন। সরকারিভাবে নির্দেশ রয়েছে এভাবে পাট্টা পেলে কলোনির নাম উল্লেখ করে সাইনবোর্ড লাগাতে হবে। এ কারণেই ওই সাইনবোর্ডটি লাগানো হয়। তবে জমি দখলের কোনও উদ্দেশ্য কারও নেই। এদিন আপত্তি ওঠায় সাইনবোর্ডটি খলে ফেলা হয়েছে।' পূর্ব কাঁঠালবাড়ি গ্রাম পঞ্চায়েত প্রধান সরোদিনি বর্মন বলেন, 'যাঁরা লাগিয়েছেন তাঁরা নিজে থেকেই সাইনবোর্ডটি খুলে দেওয়ায় পরিস্থিতি এখন স্বাভাবিক রয়েছে। আলিপুরদুয়ার ১ বিএমওএইচ ডাঃ ভাস্কর সেন বলেন, 'বিষয়টি শুনেছি। সমস্যা হয়তো মিটে গিয়েছে।

কষিক্ষে<u>ত্</u>ৰে উন্নতির আশায় বিজ্ঞানীরা

দুরন্ত বার্তা, রায়গঞ্জ, ২০ আগস্ট ঃ

মহামারী অনেক কিছুই কেড়ে নিলেও

কৃষিক্ষেত্রে অনেকাংশেই আসতে

চলেছে সবুজ বিপ্লব। এমনটাই মনে করছেন কৃষি বিজ্ঞানীরা। এই সংকটের মুহূর্তে মহামারীর জন্যই কমেছে দৃষণের মাত্রা। আগের মত দৃষণে ফিরে আসতে লেগে যাবে বছর তিনেক, ফলে এই মুহূর্তে দৃষণমুক্ত পরিবেশে চাষাবাদ করে লাভবান হবেন কৃষকরা। কারণ একদিকে উৎপাদনের খরচ যেমন কমবে, তেমনি অনুকূল আবহাওয়ার জন্য ফসল উৎপাদনের পরিমাণ বাড়বে। উত্তর দিনাজপুর কৃষিবিজ্ঞান কেন্দ্রের কৃষি বিজ্ঞানী ডঃ ধনঞ্জয় মন্ডল জানান, এবার ধান ও গম চাষে তেমন কোন সমস্যা নেই। নেই এখনও পর্যন্ত খুব একটা রোগ সংক্রমণের খবরও। কারন তথ্য অনুযায়ী এক কেজি ধান উৎপাদন করতে দুই হাজার একশো লিটার জল প্রয়োজন, যেটা এবার লাগেনি। অর্থাৎ প্রয়োজন হয়নি। সেই ঘাটতি মিটিয়েছে লাগাতার বৃষ্টি। পরিবেশ যেভাবে স্বাভাবিকতার দিকে এগোচ্ছে এবং দষণ মক্ত হয়ে উঠছে তাতে ধান চাষে এবার জিংকের ঘাটতি নজরে পড়েনি। যদিও ফি বছর সে ঘাটতির কথা কৃষকদের মুখে মুখে শোনা যেত। পাশাপাশি এই অনুকৃল আবহাওয়ার জন্য এবার আসন্ন শীতে কুয়াশার পরিমাণ কমে যাবে বলে মনে করছেন বিজ্ঞানীরা। আর এর জন্যই শীতকালীন চাষেও ফলাফল ভালো হবে অর্থাৎ ওই সময়ে যেসব ফসলের চাষ হয় তাতেও কমবে উৎপাদন খরচ। বাড়বে ফসলের উৎপাদন। এমনটাই মনে করছেন ক্ষিবিজ্ঞান কেন্দ্রের কৃষি বিজ্ঞানীরা। পাশাপাশি এবছর ভাইরাল ও ফাংগাল আক্রমণ কোন ফসলে তেমনভাবে নেই বললেই চলে। ফলে একদিকে মহামারী অনেক কিছু কেড়ে নিলেও কৃষিক্ষেত্রে সবদিক থেকেই পরিস্থিতি

অনুকলের দিকেই যাচ্ছে।

দেশজুড়ে যাত্রী পরিবহন বন্ধ থাকলেও বন্ধ নেই পূর্ব রেলের পণ্য পরিবহন। বৃহস্পতিবার পূর্ব রেলের অধীনস্থ যশডিহি স্টেশনের অন্তর্গত ইয়ার্ডে একটি রেক থেকে নামানো হচ্ছে রাসায়নিক সার।-নিজম্ব চিত্র।

বিশ্বভারতীর ব্যক্তিগত নিরাপত্তারক্ষী বদল

দুরন্ত বার্তা, বীরভূম, ২০ আগস্ট ঃ দায়িত্বের গাফিলতির অভিযোগে বদলে দেওয়া হলো বিশ্বভারতীর উপাচার্যের ব্যক্তিগত নিরাপত্তারক্ষীকে। পৌষমেলার মাঠ সহ বেশ কিছু এলাকা জুড়ে প্রাচীর দেওয়াকে কেন্দ্র বির্তকের মাঝেই সশস্ত্র ৪ নিরাপত্তারক্ষীকে সরিয়ে নেওয়া হয়েছিল। এবার নতুন করে উপাচার্যের ব্যক্তিগত নিরাপত্তারক্ষীর বদল নিয়ে শুরু হয়েছে চাপানউতোর। পুলিশ সূত্রে জানা গিয়েছে, উপাচার্যের ব্যক্তিগত নিরাপত্তার দায়িত্বে যে রক্ষী ছিলেন তাঁকে সরিয়ে দিয়ে বৃহস্পতিবার নতুন এক নিরাপত্তারক্ষী নিয়োগ করা হয়েছে। পুরনো নিরাপত্তারক্ষীর বিরুদ্ধে অভিযোগ, স্থানীয় থানার আইসি এবং মহকুমা শাসকের সঙ্গে দুর্ব্যবহার করেছেন তিনি। সেইসঙ্গে

পরিবারের পাশাপাশি এলাকায়ও।

সহযোগিতার হাত বাড়িয়ে দেননি বলে অভিযোগ। আরও জানা যাচ্ছে, ওই নিরাপত্তারক্ষী বিশ্বভারতীর উপাচার্যের নিরাপত্তা দেওয়ার জন্য নিযুক্ত হলেও তিনি ডিউটি করতেন বিশুভারতীর একজন মহিলা অধ্যাপকের নিরাপত্তারক্ষী হিসেবে। সেই মহিলা অধ্যাপক কোনওভাবেই সরকারি নিরাপত্তা পান না। দায়িত্বপ্রাপ্ত পুলিশকমীর বিরুদ্ধে অভিযোগ এই খবর তাঁর উর্দ্ধতন কর্তৃপক্ষকে জানাননি তিনি। তাই তাঁকে ক্লোজ (সাময়িকভাবে দায়িত্ব থেকে অব্যহতি)করে বৃহস্পতিবার উপাচার্যের জন্য নতুন নিরাপত্তারক্ষী নিয়োগ করে জেলা প্রশাসন। উল্লেখ্য, যে ৪ জন নিরাপত্তারক্ষী বিশ্বভারতীর নিরাপত্তায় নিযুক্ত

ছিলেন তাঁদের দায়িত্ব ছিল শুধমাত্র বিশ্বভারতীর ভিতরের আইনশৃঙ্খলা রক্ষা করার। বাইরে কী হচ্ছে তা দেখার দায়িত্ব ছিল না। গত ১৬ আগস্ট উপাচার্যের সঙ্গে পৌষমেলার ময়দানে তাঁদের দেখা যায়। তাঁরা বিশ্বভারতীর নিরাপত্তার দায়িত্বে ছিলেন উপাচার্যের নয়। জেলা প্রশাসন বা স্থানীয় থানার অনুমতি না নিয়েই উপাচার্যের মিছিলে সামিল হওয়ার সময় তাঁরা ছিলেন। সূত্রে খবর, সেইকারণে ওই 8 পুলিশকমীকেও ক্লোজ করা হয়। সেই জায়গায় নতুন ৪ জন পুলিশকমী বিশ্বভারতীর নিরাপত্তার দায়িত্বে নিয়োগ হয়েছেন। এই পাঁচ পুলিশকর্মীকে নিয়ে পুনরায় তদন্ত না হওয়া পর্যন্ত তাঁদের ক্লোজ করে রাখার সিদ্ধান্ত নিয়েছে জেলা পুলিশ।

নদীর আগ্রাসন থেকে বাচতে আন্দোলনে

দুরন্ত বার্তা, মালদা, ২০ আগস্ট ঃ গঙ্গা ও ফুলহার এই দুই নদীর জোড়া ভাঙনের কবলে পড়ে অস্তিত্বহীন হতে বসেছে মালদার রতুয়ার একাধিক গ্রাম। বছরের পর বছর ভাঙ্গনের পরিমাণ বাড়তে থাকলেও কোনও স্থায়ী ব্যবস্থা নেওয়া হয়নি বলে অভিযোগ। এই অবস্থায় সরকারের বিরুদ্ধে আন্দোলনে নামার সিদ্ধান্ত নিয়ে কমিটি গঠন করল নদী পারের বাসিন্দারা। গঙ্গা ও ফুলহার নদীর ভাঙন রোধের দাবিতে এবার কমিটি গড়ে আন্দোলনের পথে রতুয়ার একাধিক গ্রামের মানুষ। এলাকার ভাঙ্গন রোধে স্থায়ী ব্যবস্থা গ্রহণের দাবিতে একইসঙ্গে কেন্দ্রীয় ও রাজ্য সরকারের কাছে দাবি জানাবেন দুই নদীর পার লাগোয়া অঞ্চলের বাসিন্দারা। তার পরও সরকারের টনক না নড়লে আন্দোলন করে স্তব্ধ করা হবে রতুয়া। বুধবার নাগরিক কনভেনশনে ডেকে আন্দোলনের রূপরেখা চূড়ান্ত করলেন

রতুয়ার মহানন্দাটোলা ও বিলাইমারি অঞ্চলের মানুষ। এ দিনের কনভেনশনে রতুয়ার এই দুই পঞ্চায়েতের কুড়িটি গ্রামের প্রতিনিধিরা অংশ নেন। স্থানীয় বাসিন্দাদের অভিযোগ, গত প্রায় তিন দশক ধরে নদী ভাঙন চলছে রতুয়ায়। আগে ফুলহার ও গঙ্গা নদীর মধ্যে দূরত্ব ছিল প্রায় ২৫ কিলোমিটার। আর এখন নদীর পাড় ভাঙতে ভাঙতে দুই নদী একে অন্যের সঙ্গে মিলিত হতে চাইছে। এখন এই দুই নদীর দূরত্ব মাত্র দুই কিলোমিটার। গত তিন দশক ধরে গঙ্গা ও ফুলহারের তাগুবে নদীগর্ভে তলিয়ে গিয়েছে হাজার হাজার বিঘা কৃষিজমি। জলের গভীরে মিলিয়ে গিয়েছে অসংখ্য ভিটেমাটি। জমি-বাড়ি হারানো প্রচুর মানুষ এখন খোলা আকাশের নীচে ত্রিপল টাঙিয়ে বসবাস করছেন। রতুয়ার কাটাহা দিয়ারা এলাকা থেকে গঙ্গার দূরত্ব এক কিলোমিটারেরও কম। আবার দ্বারকটোলা, গঙ্গারামটোলা প্রভৃতি গ্রাম থেকে ফুলহার নদীর দূরত্ব মাত্র ২৫ মিটার। অন্যদিকে জাফর হাজিটোলা গ্রামের সরকারি আইসিডিএস সেন্টার



বুথটিও এখন জলের তলায়। সেন্টারের পাশে থাকা মসজিদ ও গ্রামের প্রচুর বাড়িঘর এবার গঙ্গাগর্ভে তলিয়ে গিয়েছে। এই অবস্থায় যে কোনও মুহুর্তে নদীর ভাঙ্গনে এই সব এলাকার মানচিত্র পর্যন্ত পাল্টে যাবে বলে আশক্ষা স্থানীয়দের। এলাকার বাসিন্দাদের অভিযোগ, ভাঙন হলেও তা ঠেকাতে কোনও সরকারি উদ্যোগ নেওয়া হয়নি। সাংসদ, বিধায়ক জনপ্রতিনিধিরা এলাকায় এসে কেউ রাজ্য সরকার কেউ কেন্দ্রীয় সরকারের উপরে দায় চাপিয়েছেন। অথচ কাজের কাজ কিছুই হচ্ছে না। এই অবস্থায় একাধিক গ্রামের বাসিন্দাদের একত্রিত করে এবার অরাজনৈতিক আন্দোলন গড়ে তোলার উদ্যোগ নেওয়া হল। প্রথমে প্রশাসনকে স্মারকলিপি, একইসঙ্গে কেন্দ্রীয় ও রাজ্য সরকারের কাছে আবেদন পত্র পাঠানো হবে। এতে কাজ না হলে রাস্তায় নেমে চরম আন্দোলনের হুঁশিয়ারি দিয়েছেন রতুয়ার নদীপারের বাসিন্দারা। যদিও এখনই এনিয়ে কোনও মন্তব্য করতে রাজি হয়নি ব্লক প্রশাসন।

সন্তানকে ডাক্তার দেখিয়ে ফেরার পথে দুর্ঘটনায় মৃত বাবা-মেয়ে

দুরন্ত বার্তা, মুর্শিদাবাদ, ২০ আগস্ট ঃ মেয়ের চিকিৎসা সেরে বাড়ি ফেরার পথে পথ দুর্ঘটনায় মৃত্যু হল বাবা ও মেয়ের। ঘটনায় গুরুতর আহত গাড়ির

জলোচ্ছ্বাসে ভাসছে দিঘা

দুরন্ত বার্তা, দিঘা, ২০ আগস্ট ঃ

নিম্নচাপ আর ভরা কোটালের জোড়া

ফলায় সুন্দরী দিঘা ভাসল জলে।

জলমগ্ন হয়ে পড়লো সমুদ্র শহরের রাস্তাঘাটও। সমুদ্রের জল ফুলে-ফেঁপে জলোচ্ছাস দেখা দেয়। সমুদ্রের এই জ্বলোচ্ছ্বাস গত দুদিন ধরেই প্রত্যক্ষ করছেন সকলে। অমাবস্যার কোটালের সঙ্গে নিমুচাপ, দিঘার সমুদ্রের যেন অন্য চেহারার দেখা মিলছে। আজ সকাল থেকে দুপুর, দিঘার সমূদ্র তীরের গোটা গার্ডওয়ালটাই জলে প্রায় ডুবে থাকলো। সমৃদ্রের ঢেউ এসে আছড়ে পড়ছে বাজার আর রাস্তার ওপর। লকডাউনের বাজারে সামান্য কিছু পর্যটক এই মুহূর্তে দিঘায় রয়েছেন। সাহস করে তাঁদের মধ্যে কিছু মানুষ সমুদ্রের এই ভয়ানক চেহারা প্রত্যক্ষ করতে পেরেছেন। তবে গোটা এলাকায় টানা টহলদারি চালাচ্ছে পুলিশ। কোনও পর্যটক যাতে অতিরিক্ত রোমাঞ্চের আশায় গার্ডওয়ালের ওপর উঠে না পড়ে সেদিকে সতর্ক দৃষ্টি রেখেছে পুলিশ। তবে আজকের দিঘা সমুদ্রের যা চেহারা তা এক কথায় যেন অন্যরকম! কেউ বন্ধুবান্ধব নিয়ে, কেউ আবার পরিবার পরিজনদের সঙ্গে নিয়ে বেড়াতে এসেছেন দিঘায়। তাদের কথায়, দিঘার এমন চেহারা আগে দেখেছেন বলে মনে করতে পারছেন না। লকডাউনে কিছুটা ফ্রেশ এয়ার নিতেই দিঘায় আসা সেইসব অতি উৎসাহী পর্যটকদের চোখে মুখে আনন্দেরই ছবি! উত্তাল সমুদ্র, জলোচ্ছ্বাস আর বড়বড় ঢেউ দেখে খুশি তাঁরা। প্রশাসন সূত্রে জানা গেছে, ইতিমধ্যে ব্যাপক জলোচ্ছ্বাসের জেরে শংকরপুর এলাকায় সমুদ্র বাঁধে অল্প বিস্তর ভাঙন দেখা দিয়েছে। এছাড়াও তাজপুর, মন্দারমনি সহ বিভিন্ন এলাকায় ঢুকে পড়েছে সমুদ্রের নোনা জল। খবর পেয়ে এলাকায় পরিস্থিতি খতিয়ে দেখে দ্রুত ব্যবস্থা নেওয়ার আশ্বাস দিয়েছেন রামনগর ১ ব্লকের পঞ্চায়েত সমিতির সভাপতি শম্পা মহাপাত্র। তিনি বলেন, প্রতিবছর এই সময়টা পূর্ণিমা-অমাবস্যায় সমুদ্র ফুলে ওঠে। তবে এবার পরিস্থিতি আরও ভয়াবহ। যার জেরে সমুদ্র বাঁধ টপকে আরও বেশী পরিমাণে জল ঢুকছে এলাকায়। শংকরপুর, জামড়া, চাঁদপুর, ট্যাংরামারী, জলধার এলাকাগুলিতে প্রচুর পরিমানে জল ঢুকছে। দিঘার সাপুয়ায় দোকান পাট তুলে নিতে হয়েছে। এদিকে, রাজ্য সরকারের পক্ষ থেকে ২০ ও ২১ শে আগস্ট দুদিন ধরে লকডাউন ঘোষনা করা হয়েছে। এই দুদিন দিঘায় এসেছেন বেশকিছু পর্যটক। তাদের সমুদ্রে নামতে নিষেধ করেছে পুলিশ। নিম্নচাপের কারনে বুধবার রাত থেকেই বৃষ্টি। বৃহস্পতিবার সকাল থেকে বৃষ্টির সাথে কালো মেঘে ঢাকা পড়েছে এলাকা। তারই মাঝে

অবসাদে আত্মঘাতী

সমুদ্রের জলোচ্ছ্বাস।

দুরন্ত বার্তা, নবদ্বীপ, ২০ আগস্ট ঃ মানসিক অবসাদে নিজের বাড়িতেই গলায় ফাঁস দিয়ে আত্মঘাতী হলেন এক ব্যক্তি। ঘটনাটি ঘটে পূর্ব বর্ধমানের নাদনঘাট থানার পারুলিয়া এলাকার মৌডাঙ্গা গ্রামে। মৃত ব্যক্তির নাম সুশান্ত পাল। বয়স একান্ন বছর। ঘটনার জেরে তীব্র চাঞ্চল্য ছড়ায় এলাকায়। পুলিশ ও পরিবার সূত্রে জানতে পারা যায়, পেশায় ব্যবসায়ী সুশান্ত বাবু বেশকিছু দিন ধরে মানসিক অবসাদে ভুগছিলেন। যে কারণে তার খইয়ের ব্যবসার দায়িত্বভার ছেলেকে দিয়ে দেন। পরিবার সূত্রের খবর বুধবার দুপুরে নিজের ঘরেই সিলিং ফ্যানে গামছার ফাঁস দিয়ে ঝুলে পড়েন সুশান্ত পাল। তার স্ত্রী দেখতে পেয়ে প্রতিবেশীদের জানালে তারা ঘটনাস্থলে ছুটে এসে সুশান্ত বাবুকে উদ্ধার করে নবদ্বীপ হাসপাতালে নিয়ে আসেন। সেখানে সুশান্ত পালকে মৃত বলে ঘোষণা করেন চিকিৎসক। বৃহস্পতিবার দুপুরে দেহটি উদ্ধার করে ময়নাতদন্তের জন্য কৃষ্ণনগর শক্তিনগর জেলা হাসপাতালে পাঠায় নবদ্বীপ থানার পুলিশ।

গ্রেফতার ৮৮ দুরন্ত বার্তা, মালদা, ২০ আগস্ট ঃ

লকডাউন উপেক্ষা করায় বৃহস্পতিবার উত্তর মালদা থেকে ৮৮ জনকে গ্রেফতার করল পুলিশ। পুলিশ সূত্রে জানা গিয়েছে, চাঁচলে গ্রেফতার করা হয়েছে ৩৯ জনকে, রতুয়ায় ১৪ জনকে এবং হরিশ্চন্দ্রপুরে ৩৫ জনকে। মহকুমায় করোনা আক্রান্তের সংখ্যা দিন দিন বেড়ে চলেছে। কিন্তু তারপরও মানুষের হুঁশ ফিরছে না। এদিন লকডাউন উপেক্ষা করায় পুলিশ কিছু মানুষকে কানধরে উঠবস করাতেও দেখা যায়। এই বিষয়ে চাঁচলের এসডিপিও সজলকান্তি বিশ্বাস বলেন, 'লকডাউন কার্যকর করতে প্লাশি তৎপর ছিল। লকডাউন ভঙ্গকারী গোটা উত্তর মালদায় ৮৮ জনকে গ্রেফতার করেছে পুলিশ। তাঁদের সবার বিরুদ্ধে বিপর্যয় মোকাবিলা আইনে মামলা করা হবে।

চালক সহ পরিবারের আরও তিনজন। ঘটনার পর এলাকায় শোকের ছায়া নেমে এসেছে। বৃহস্পতিবার মুর্শিদাবাদের সামশেরগঞ্জ থানার চশকারপুর এলাকার ৩৪ নম্বর জাতীয় সড়কের ঘটনা। সামশেরগঞ্জ থানার পুলিশ মৃতদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য জঙ্গিপুর মহকুমা হাসপাতালে পাঠিয়েছে বাকিদের গুরুতর আহত অবস্থায় মুর্শিদাবাদ মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্ত্তি করা হয়েছে। পুলিশ ও পরিবার সূত্রে জানা গিয়েছে, মৃতরা সহিদুল ইসলাম(৫০) এবং নাদিয়া তাবাসুম(১৮)। তাদের বাড়ি সামশেরগঞ্জের তিনপাকুরিয়া গ্রামে। পেশায় সহিদুল রেশন ডিলার। এবছর উচ্চমাধ্যমিক পরীক্ষা দিয়েছিল নাদিয়া। সহিদুল ইসলামের এক আত্মীয় বলেন, 'কিছু দিন আগে জানা যায় নাদিয়ার ক্যান্সার হয়েছে।



রেজিস্টার্ড অফিস ২২৫সি, এ. জে. সি. বোস রোড, ওয়েবসাইট:www.mstcindia.co.in ফোন: ২২৮১-৯৬২৭/৩০৮৮

ই-মেল:cosec@mstcindia.co.in

এতদ্বারা, সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঙ্ক বোর্ড অফ ইন্ডিয়া (লিস্টিং অবলিগেসন্স অ্যান্ড ডিসক্লোজার রিকয়ারমেন্টস) রেণ্ডলেসন্স ২০১৫-এর ধারা ৪৭ সহ পঠিত ধারা ২৯ অনুযায়ী নোটিশ প্রদান করা হচ্ছে যে, ৩০ জন, ২০২০-তে সমাপ্ত ত্রৈমাসিকের জন্য কোম্পানির অপরীক্ষিত একক ও একীভূত আর্থিক ফলাফল সহ অন্যান্য বিষয় আলোচনা ও অনুমোদনের জন্য বৃহস্পতিবার, ০৩ সেপ্টেম্বর, ২০২০ তারিখে কলকাতায় অডিও/ভিডিও সম্মেলনের মাধ্যমে কোম্পানিব ডাইরেক্টরদের বোর্ডের একটি সভা অনষ্ঠিত হবে। এই সভার বিশদ তথ্য কোম্পানির ওয়েবসাইট <u>www.mstcindia.co.in</u> এবং স্টক একাচেঞ্জের ওয়েবসাইট <u>www.nseindia.com</u>@ <u>www.bseindia.com</u> তে পাওয়া যাবে এমএসটিসি লি-র পক্ষে

(অজয় কমার রায়)

কোম্পানি সচিব ও দায়িত্বপ্রাপ্ত আধিকারিক স্থান : কলকাতা তারিখ : ২১.০৮.২০২০

NIQ No-07/MTN/JH-I of

2020-21 Office of the A.E.(A-M) Jhargram-I(A-M) Sub Division, Jhargram invites application on behalf of the Governor, W.B. from resourceful owners/ bonafide contractors for Supply of working items. Details will be available in the notice board of the office of the undersigned. Last date of application:-02/09/2020 (up to 4.00 P.M). Last date of tender paper Selling:- 07/09/2020 (up to 4.00 P.M). Date of Receiving Tender Documents:- 10/09/2020 (up to 2.30 P.M). Date of opening of quotation paper:- 10/09/2020 (at 3.00

Sd/- B. Chattopadhyay Assistant Engineer (Agri-Mech), Jhargram-I (Agri-Mech) Sub-Division **Jhargram**

P.M).

NIT No-01/MTN/JH-I of 2020-21

Office of the A.E.(A-M) Jhargram-I(A-M) Sub Division, Jhargram invites application on behalf of the Governor, W.B. from resourceful owners/ bonafide contractors for Energisation Works Details will be available in the notice board of the office of the undersigned. Last date of application:-02/09/2020 (up to 4.00 P.M). Last date of tender paper Selling:- 07/09/2020 (up to 4.00 P.M). Date of Receiving Tender Documents:- 10/09/2020 (up to 2.30 P.M). Date of opening of quotation paper:- 10/09/2020 (at 3.00 P.M).

Sd/- B. Chattopadhyay Assistant Engineer (Agri-Mech), Jhargram-I (Agri-Mech) Sub-Division **Jhargram**

NIQ NO:-WBPWD/EE/N 24 PRG/ELEC/97/2020-21 Off-line quotation are invited by the EE, N 24 Prgs Electrical Division, P.W.Dte Govt. of W B. for the work S.I.T.C OF 2 Body Mortuary Cooler at Ashoknagar S.G.Hospital in respect to preparation of Quarantine Centre to combat the spread of COVID-19..Bid Proposal submission end dates: 04/09/2020 up to 02:30PM. The detail can be

obtained from: http://

wbpwd.gov.in

এ কারণে তার চিকিৎসার জন্য কয়েদিন আগে দুই মেয়ে, স্ত্রী এবং ছেলেকে নিয়ে কলকাতার বেসরকারি হাসপাতালে যান। কিন্তু বৃহস্পতি ও শুক্রবার সাপ্তাহিক লকডাউন থাকবে তারা জানতেন না। লকডাউনের কথা জানার পরেই পরিবারের সকলকে নিয়ে স্করপিও গাড়ি চেপে বুধবার রাতে বাড়ি ফিরে আসার সিদ্ধান্ত নেন। সেই মতো কলকাতা বাড়ির উদ্দেশ্যে রওনা দেন। কিন্তু, বাড়িতে পৌঁছানো হল না। গ্রাম থেকে কয়েক কিলোমিটার দূরে দুর্ঘটনায় বাবা-মেয়ের মৃত্যু হল।' জানা গিয়েছে, বৃহস্পতিবার সকালে নিয়ন্ত্রণ হারিয়ে চশকাপুরের কাছে একটি দাড়িয়ে থাকা লরির পিছনে ধাকা মারলে ঘটনাস্থলেই মৃত্যু হয় সহিদুলের। মেয়ে নাদিয়াকে হাসপাতালে নিয়ে আসার

Œ

সময় রাস্তায় মৃত্যু হয়। সহিদলের স্ত্রী নাসিমা বিবি, দ্বিতীয় মেয়ে নুরাইন সুলতানা এবং ছেলে আশিফ হোসেন সহ গাড়ির চালককে গুরুতর জখম অবস্থায় প্রথমে জঙ্গিপুর মহকুমা হাসপাতালে এবং পরে সেখান থেকে মুর্শিদাবাদ মেডিক্যাল কলেজ এবং হাসপাতালে ভর্ত্তি করা হয়েছে। সামশেরগঞ্জ থানার এক পুলিশ জানিয়েছেন, বৃহস্পতিবার সকালে রাস্তার ধারে দাঁড়িয়ে থাকা লরির পিছনে ধাকা মারায় দু'জনের মৃত্যু হয়েছে। গাড়িতে থাকা বাকিদের গুরুতর আহত অবস্থায় মুর্শিদাবাদ মেডিক্যাল কলেজে ভর্ত্তি করা হয়েছে। ময়নাতদন্তের জন্য মৃতদেহ উদ্ধার করে জঙ্গিপুর মহকুমা হাসপাতালে পাঠানো হয়েছে। একই সঙ্গে গাড়ি দুটিকে আটক করা হয়েছে।

CENTURY EXTRUSIONS LIMITED

CIN: L27203WB1988PLC043705

Regd Office: 113, Park Street, N' Block, 2nd Floor, Kolkata-700016

Website: www.centuryextrusions.com

E-mail: secretary@centuryextrusions.com

NOTICE OF THE 32ND ANNUAL GENERAL MEETING, BOOK CLOSURE AND REMOTE E-VOTING INFORMATION

Notice is hereby given that the **Thirty Second (32nd) Annual General Meeting** of th Members of the Company will be convened on **Saturday, the 12th day of September 2020 at 11:00 A.M.** Indian Standard Time ("IST"), through Video Conferencing/ Othe Audio Visual Means ("VC/OAVM") facility in compliance with the applicable provisions of the Companies Act, 2013 and Rules framed thereunder and the SEBI (Listing Obligation and Disclosure Requirements) Regulations. 2015 read with General Circuits No. 1 (2006). Audio visual Means ("VC/OAW") facility in compilance with the applicable provisions of the Companies Act, 2013 and Rules framed thereunder and the SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015 read with General Circular Nos. 14/2020 nos. 17/2020 and No. 20/2020 dated April 08, 2020, April 13, 2020 and May 05, 2020 respectively issued by the Ministry of Corporate Affairs ("MCA Circulars") and Circular No. SEBI/HO/CFD/CMD1/CIR/P/2020/79 dated May 12, 2020, issued by the Securities and Exchange Board of India ("SEBI Circular"), without the physical presence of the Members. Pursuant to Section 91 of the Companies Act, 2013, the Register of Members and Share Transfer Books of the Company will remain closed from 06th day of September, 2020 to 12th day of September, 2020, (both days inclusive).

The Notice of the 32nd AGM and the Annual Report of the Company including the financial statements for the financial year ended 31st March, 2020 ("Annual Report") has been sent only by email to all those Members, whose email addresses are registered with the Company or with the Company's Registrar and Share Transfer Agent, namely CB Management Services (P) Ltd. ("RTA") or with their respective Depository Participants of sending physical copy of the Notice of the 32nd AGM Annual Report to the Members have been dispensed with vide MCA Circulars and SEBI Circular. The requirements of sending physical copy of the Notice of the 32nd AGM Annual Report to the Members have been dispensed with vide MCA Circulars and SEBI Circular.

Members holding shares either in physical form or dematerialized form, as on the cut-ol date of 05th day of September, 2020 may cast their vote electronically, as set out in th Notice of the 32nd AGM through electronic voting system ("remote e-Voting") of Centra Depository Services (India) Limited (CDSL)

In line with the MCA Circulars and SEBI Circular, the Notice of the 32nd AGM of the company has been uploaded on the website of the company, viz, www.centuryextusions.com
The notice can also be accessed from the website of the Stock Exchanges namely Nations
Stock Exchange of India Limited (NSE) at www.nseindia.com and, Bombay Stock Exchange
Limited (BSE) at www.bseindia.com respectively as well as on the website of the Centre
Depository Services (India) Limited (CDSL) the agency for providing the remote electroni
voting at www.evolingindia.com.

voting at www.evotingindia.com. The remote e-voting heriod begins on 09th September, 2020 at 9:00 A.M. (IST) and enc on 11th September, 2020 at 5:00 P.M. (IST) During this period, shareholders of the Company, holding shares either in physical or dematerialized form, as on the cut-off doi.e. 05th September, 2020 may cast their vote by remote e-voting. The remote e-votin module shall be disabled by CDSL for voting, thereafter. Once the vote on a resolution cast by the Member, the Member shall not be allowed to change it subsequently.

Any person who acquire shares and becomes Members of the Company after dispator of the AGM Notice and holding shares as on the cut-off date i.e. 05th September, 20: may obtain the login ID and password by sending a request at www.evotingindia.com.

Members are requested to express their views/send their queries in advance mentionir their name, DP ID and Client ID number/Folio No., email ID, mobile no. a secretary@centuryextrusions.com till 4 p.m. (IST) on Thursday 10th September, 202 Members who would like to ask question during the 32nd AGM of the Company need register themselves as a speaker by sending their request preferably along with the question mentioning their name, DP ID and Client ID number/Folio No., email ID, mobile no. to the company's email address at secretary@centuryextrusion Thursday 10th September, 2020.

Members holding shares in physical form who have not registered their email addresses with the company/Company's RTA, can get the same registered and obtain notice of the 32nd AGM of the company along with the Annual Report for the financial year ended 31st March, 2020 and/or login details for joining the 32nd AGM of the Company through ("VSCOAVAM") facility including the same registered and so the following the same registered and the following the fo ("VC/OAVM") facility including e-voting, by sending a scanned copy of the follow documents by the email to the companys RTA's email id; rta@cbmsl.com

A signed request letter mentioning your Name, Folio Number and complete Addre

Self - attested scanned copy of PAN Card; Self - attested scanned copy of any document (such as Aadhar Card. Driving Licens Voter Id card, passport) in support of the address of the member as registered w the company.

case you have any queries or issues regarding e-voting, you may refer the Frequently Austions ("FAQs") and e-voting manual available at www.evotingindia.com, or call 180022 The afore-mentioned information in being issued for the information and benefit of all th members of the company and is in compliance with the MCA Circulars and the SEBI Circula For Century Extrusions Limited Rohit Kumar

Company Secretary

পিলানি ইনভেস্টমেন্ট অ্যান্ড ইন্ডাস্ট্রিজ কর্পোরেশান লিমিটেড

CIN: L24131WB1948PLC095302

রেজি অফিস ঃ বিড়লা বিল্ডিং, ৯/১ আর.এন. মুখার্জি রোড, কলকাতা-৭০০০০১ ফোন নং. ০৩७ ৪০৮২ ৩৭০০। ২২২০ ০৬০০

ওয়েবসাইট ঃ www.pilaniinvestment.com ই-মেল ঃ pilaniinvestment1@gmail.com

তিয়াত্তর তম বার্ষিক সাধারণ সভা, ই-ভোটিং তথ্যাবলী এবং বুক ক্লোজার তথ্যের বিজ্ঞপ্তি

্বতদ্বারা বিজ্ঞাপিত করা যায় যে তিয়াত্তর তম বার্ষিক সাধারণ সভা (এজিএম) কোম্পানির অনুষ্ঠিত হবে শুক্রবার ১১ সেপ্টেম্বর, ২০২০ বিকাল ৩.০০ ঘটিকায় (আইএসটি) ভিডিও কনফারেশি ভিসি)। অন্যান্য অডিও ভিজুয়াল মাধ্যমে (ওএভিএম) ব্যবসায়িক আলোচ্য সূচী যা ৩০ জুলাই. ২০২০ এজিএম নোটিসে উল্লেখ করা হয়েছে।

এই এজিএম পরিচালিত হবে অনুসারী হিসাবে প্রয়োগযোগ্য ধারা কোম্পানি আইন, ২০১৩ এবং ধার যা পরবর্তী সময় হয়েছে (আইন) বন্দোবস্ত সিকিউরিটি অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অফ ইন্ডিয়া (সেবি) (লিস্টিং অব্লিগেশান অ্যান্ড আদার ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) ধারা ২০১৫ (তালিকাভুক্ত ধারা) এবং বন্দোবন্ধ জেনারেল সার্কলার নং. ২০। ২০২০ তারিখ ৫মে. ২০২০ সঙ্গে পড়তে হবে জনারেল সার্কুলার নং. ১৪। ২০২০ তারিখ ৮এপ্রিল, ২০২০ এবং জেনারেল সার্কুলার নং. ১৭। ২০২০ তারিখ ১৩ এপ্রিল, ২০২০ যা জারি হয়েছে বাণিজ্য বিষয়ক মন্ত্রক, ভারত সরকার (এমসিএ) দ্বারা সঙ্গে পড়তে সার্কুলার নং. সেবি। এইচও। সিএফডি। সিএমডি১। সিআইআর। পি। ২০২০। ৭৯ তারিখ ১২ মে, ২০২০ যা সেবি জারি করেছে, কোন একক সভাস্থলে সদস্যর ণারীরিকভাবে হাজির না থেকে।

উপরিউল্লিখিত ধারা অনুসারী হিসাবে, এজিএম নোটিস এবং বার্ষিক ফলাফল ইমেল করা হয়েছে সেই দস্যদের যাদের ইমেল আইডি রেজিস্টার রয়েছে কোম্পানি। ডিপোসিটারি পার্টিসিপেন্ট-এর কাছে নোটিস সঙ্গে বার্ষিক ফলাফল আরও পাওয়া যাবে কোম্পানির ওয়েবসাইটে www.pilaniinvestment.com, স্টক এক্সচেঞ্জ ওয়েবসাইট যা হল ন্যাশনাল স্টক এক্সচেঞ্জ অফ ইভিয়া লিমিটেড এবং বিএসই লিমিটেড-www.nseindiacom এবংwww.bseindia.com উভয়ে।

রিমোট ই-ভোটিং তথ্যাবলী

মনুসারী হিসাবে ধারা ১০৮ আইনের, সঙ্গে পড়তে হবে ধারা ২০ কোম্পানি আইন (প্রশাসনিক এবং ারিচালন) ধারা, ২০১৪, সংশোধনী, এবং ধারা ৪৪ তালিকাভুক্ত ধারা, কোম্পানি আনন্দিত ই-ভোটিং সুবিধা দিতে পেরে সদস্যদের বৈদ্যুতিনভাবে নিজেদের ভোটদানে সমস্ত প্রস্তাব আলোচিত হবে ১৩০ম এজিএমে সেন্ট্রাল ডিপোসিটারি সার্ভিসেস (ইন্ডিয়া) লিমিটেড (সিডিএসএল) দ্বারা রমোট ই-ভোটিং জানালা খোলা হবে মঙ্গলবার ৮ সেপ্টেম্বর, ২০২০ সকাল ৯.০০ ঘটিকা (আইএসটি) থেকে বন্ধ হবে ১০ সেপ্টেম্বর, ২০২০ বিকাল ৫.০০ ঘটিকায় (আইএসটি)। এই াময়কালে কোম্পানির যে সদস্যরা নিজেদের শেয়ার ধরে রেখেছেন হয় ফিজিক্যাল ফর্মে, না হয় উমেটিরিয়ালাইজড ফর্মে, কাট-অফ তারিখ (রেকর্ড তারিখ) শুক্রবার, ৪ সেপ্টেম্বর, ২০২০ তারাই ভোটদান করতে পারবেন বৈদ্যুতিনভাবে। ই-ভোটিং প্রক্রিয়া পাওয়া যাবে সিডিএসএল দ্বারা একবার কোন সদস্য নিজের ভোটদান করলে তারপর তিনি আর পরিবর্তন করতে পারবেন না। কোন ব্যক্তি শেয়ার নিয়েছেন এবং কোম্পানির সদস্য হয়েছেন এজিএম নোটিস এবং বার্ষিক রিপোর্ট প্রেরণের পর এবং শেয়ার ধরে রেখেছেন কাট-অফ তারিখে (রেকর্ড তারিখ) শুক্রবার ৪ সেপ্টেম্বর ২০২০ লগইন আইডি এবং পাসওয়ার্ড পাওয়ার জন্য অনুরোধ ইমেল পাঠান রেজিস্টার এবং শেয়ার ট্রান্সকার এজেন্টের কাছে, মেসার্স নিশ টেকনোলজিস প্রাইভেট লিমিটেড nichtechpl@nichtechpl.com অথবা কোম্পানি-pilaniinvestment1@gmail.com

যদি, আপনার কোন প্রশ্ন বা কৌতুহল থাকে এজিএম ই-ভোটিং সংক্রান্ত বিষয়ে, আপনি পাবেন ফ্রিকোয়েন্টলি আক্সভ কোয়েশ্চান (এফএকিউ) এবং ই-ভোটিং ম্যানুয়াল যা পাওয়া যাবেwww.evotingindia.com, অধীন হেল্প সেকশানে অথবা ইমেল লিখুনnelpdesk.evoting@cdslindia.com- অথবা যোগাযোগ করুন শ্রী নীতিন কুন্দের (০২২-২৩০৫৮৭৩৮) অথবা শ্রী মেহবুব লাখানি (০২২-২৩০৫৮৫৪৩) অথবা শ্রী রাকেশ দালভি (০২২-২৩০৫৮৫৪২) সাথে।

সদস্যদের নির্দেশাবলী এজিএমে যোগদান করার জন্য ভিসি। ওএভিএম পদ্ধতিতে

স্যদের প্রদান করা হবে সুবিধা এজিএমে যোগদান করতে ভিসি। ওএভিএম মাধ্যমে সিডিএসএল ই-ভোটিং ব্যবস্থায়। সদস্যরা একই বিষয় দেখতে পারবেন -https://www.evotingindia.com অধীন শেয়ার হোল্ডার। সদস্য লগইন করে নিজেদের রিমোট ই-ভোটিং লগইন পদ্ধতি অনসারে বিস্তারিত পদ্ধতি এজিএমে যোগদান করতে ভিসি। ওএভিএম মাধ্যমে যা এজিএম নোটিসে দেওয়

সদস্য রেজিস্টার এবং শেয়ার ট্রান্সফার বুক বন্ধ

গ্রতদ্বারা আরও জ্ঞাত করানো যায় যে অনুসারী হিসাবে বন্দোবস্ত অধীন ধারা ৯১ আইনে, সঙ্গে পড়তে হবে ধারা ১০ কোম্পানি (প্রশাসনিক এবং পরিচালন) ধারা, ২০১৪ এবং ধারা ৪২ তালিকাভুক্ত ধারা, যে সদস্য রেজিস্টার এবং শেয়ার ট্রান্সফার বুক বন্ধ থাকবে শনিবার ৫ সেপ্টেম্বর, ২০২০ থেকে শুক্রবার ১১ সেপ্টেম্বর, ২০২০ (উভয় দিন সহ) এজিএম এবং ইক্যুইটি শেয়ারের লভ্যাংশ ঘাষনার জন্য।

পিলানি ইনভেস্টমেন্ট অ্যান্ড ইন্ডাস্ট্রিজ কর্পোরেশান লিমিটেড -এর পক্ষে

কোম্পানি সচিব এফসিএস-৮৫৮৮

কলকাতা তারিখ ঃ ২০.০৮.২০২০